

যুগান্তর

JUL 03 2002

তারিখ
স্বাক্ষর

এইচএসসির ছাত্রীদের বেতন মওকুফ ও উপবৃত্তি বাস্তবায়ন শুরু

সর্বকাল এ বছর জানুয়ারি মাস থেকে নির্বাচনী অর্জিত অসুযোগী উচ্চ মাধ্যমিক পর্যায়ে সব ছাত্রীর জন্য বেতন মওকুফ ও উপবৃত্তি প্রদান কার্যক্রম বাস্তবায়ন শুরু করেছে। এ কর্মসূচির মাধ্যমে দেশের বিভিন্ন মহাবিদ্যালয়ে অধ্যয়নরত প্রায় ২ লাখ ৫ হাজার ছাত্রী উপবৃত্তি ও বেতন মওকুফের সুবিধাসহ মর্যাদার সঙ্গে কলেজ শিক্ষা লাভ করবে। এ কর্মসূচির অওতায় দেশের প্রতিটি মহাবিদ্যালয়ে একাদশ ও দ্বাদশ শ্রেণীতে অধ্যয়নরত ছাত্রীরা সুনির্দিষ্ট সুবিধা পাবে। এর মধ্যে রয়েছে একাদশ ও দ্বাদশ শ্রেণীতে প্রতি মাসে ৬৫ টাকা হারে উপবৃত্তি, একাদশ শ্রেণীতে বই ক্রয় ব্যয় এককালীন ৩৫০ টাকা, দ্বাদশ শ্রেণীতে পরীক্ষার ফি বাবদ বিজ্ঞান শাখার জন্য এককালীন ৬০০ টাকা এবং অন্যান্য শাখার ক্ষেত্রে এককালীন ৪০০ টাকা। এছাড়া টিউশন ফি বাবদ বেসরকারি মহাবিদ্যালয়কে সুনির্দিষ্ট হারে ভর্তুকি প্রদান করা হবে। তথ্য বিতরণী